



**Daffodil**  
*International*  
**University**

**Department of Computer Science & Engineering**

**Art of Living (GED131)**

**Discussion Forum: My intention to be in University**

**Submitted by:**

**Student's Name:** Israk Hasan Jone

**DIU ID:** 212-15-4119

**Section:** PC-B

**Date of Performance :**02/01/2022

**Date of Submission :**07/02/2022

**Submitted To:**

**Name:** Muhammad Sajidul Islam

**Designation:** Lecturer in Art of Living

**Dept.:** General Educational Development

**Daffodil international University**

## শিক্ষার হেরফের

বলা হয় শিক্ষাই জাতির মেরুদণ্ড এবং আরো বলা হয় যে জাতি যত বেশি শিক্ষিত সে জাতি তত বেশি উন্নত কিন্তু একটি জাতি তখনই ঠিক ততটাই উন্নত যখন সে স্বশিক্ষায় শিক্ষিত, আর এর জন্য প্রথমেই প্রয়োজন নিজ ভাষায় শিক্ষাটাকে গ্রহণ করে শিক্ষিত হওয়া। কারণ তখন থেকেই সে বুঝতে শিখবে সেই দেশের পরিপ্রেক্ষিতে এবং দেশের কল্যাণে, সে কি ধরনের মানুষ হয়ে গড়ে উঠবে এবং তার শিক্ষাজীবন এবং পরবর্তী জীবনে কিভাবে পথ চলবে। কিন্তু আলোচ্য প্রবন্ধে আমরা দেখতে পাই যে আমাদের শিক্ষাব্যবস্থা অতটা ভালো না কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মতে বিশ্বের বড় বড় দেশের শিক্ষাব্যবস্থা যতটা না ভালো আমাদের শিক্ষাব্যবস্থা তার তুলনায় কিছুই না তিনি এদেশের সাহিত্যে নানান অভাব লক্ষ্য করেছেন দর্শন বিজ্ঞান এবং বিভিন্ন শিক্ষণীয় বিষয় বাংলা সাহিত্যে তেমন একটা প্রকাশ হয়

নাই এসব বিষয়ে শিক্ষা নিতে হলে আমাদের বিদেশি ভাষার প্রয়োজন হয়. কেননা বড় বড় যতসব ভালো বই এবং গবেষণা করা হয়েছে সব বইগুলো বিদেশী ভাষায়। আর এর জন্য আমাদের বিদেশী ভাষার প্রয়োজন হয়। কিন্তু আমরা এতটাই অক্ষম জাতি যে আমরা না পেরেছি নিজের দেশীয় ভাষাটা ভালোভাবে শিখতে না পেরেছি বিদেশী ভাষা ভালোভাবে শিখতে যার কারণে আমরা এখনো পর্যন্ত একটি বই বিশ্বের দরবারে তুলে ধরতে পারিনি নিজ ভাষায়।

আবার বিদেশি ভাষা ভালোভাবে না সেখার কারণে না পারছি আমরা পরিপূর্ণ কোন ধারণা নিতে একটি বিদেশি ভাষার বই পড়ে।

টেক্সবুক কমিটি দ্বারা যে সকল বই তৈরি করা হয় ওইসব বই ও পাঠ্যপুস্তক শ্রেণীভুক্ত অনেক কাজ হয়েছে কিন্তু এদেশের সাহিত্য সম্পর্কিত কাজ সম্পন্ন হতে তিনি দেখেননি। কবিগুরু আরো বলেছেন আমাদের দেশের ছেলেরা স্বশিক্ষায় শিক্ষিত না যার ফলে আমাদের দেশের শিক্ষা ব্যবস্থার ফলে 30 বছরের মানুষেরা শিশুসুলভ আচরণ করে কারণ তাঁরা বাস্তব জীবনমুখী শিক্ষা গ্রহণ করতে পারেনি। এই প্রবন্ধের এছাড়া আরো অনেক অবনতি এবং নেতিবাচক প্রভাব রয়েছে আমাদের শিক্ষাব্যবস্থায় মূলত এই প্রবন্ধেই এসব ফুটিয়ে তোলা হয়েছে।